গাজীপুরে ফের ঢাকা-টাঙ্গাইল মহাসড়ক অবরোধ, দুর্ভোগে যাত্রীরা



ছবি: সংগৃহীত

গাজীপুরের কালিয়াকৈরের মৌচাক এলাকায় ঢাকা-টাঙ্গাইল মহাসড়ক অবরোধ করে বিক্ষোভ করছেন পোশাকশ্রমিকরা। বৃহস্পতিবার (১২ নভেম্বর) সকাল ৮টার দিকে কাজে যোগ না দিয়ে শ্রমিকরা সড়কে অবস্থান নেন। এতে মহাসড়কের দুই পাশেই যান চলাচল বন্ধ হয়ে যায়।

বিক্ষোভরত শ্রমিকদের অভিযোগ, বেতন-ভাতা বাড়ানোর দাবিতে তারা আন্দোলনে নেমেছেন। আন্দোলন দমাতে পুলিশ অন্যায়ভাবে লাঠিচার্জ করছে এবং নির্বিচারে শ্রমিকদের গ্রেপ্তার করছে। এ ছাড়া স্থানীয় নেতাকর্মী ও বহিরাগত সন্ত্রাসীরা তাদের ওপর হামলা চালিয়েছে বলেও অভিযোগ করেন তারা।

সড়ক অবরোধের কারণে ঢাকা-টাঙ্গাইল মহাসড়কে যানবাহন চলাচল বন্ধ হয়ে যায়। এতে ভোগান্তিতে পড়েন এই পথে চলাচলকারী যাত্রীরা।

এদিকে শ্রমিক বিক্ষোভের খবর ছড়িয়ে পড়লে মহাসড়কের আশপাশের বেশ কয়েকটি কারখানায় ছুটি ঘোষণা করে কর্তৃপক্ষ। তবে সকাল থেকে ঘটনাস্থলে আইনশৃঙ্খলা রক্ষাকারী বাহিনীর সদস্যদের দেখা যায়নি।

LENS ASIA